

সেই সে ধূলায় হ'তে পরিণত,

যে ধূলি হইতে গঠন তাহার

হয়েছিল একবার,

সেই সে যুগিত ধূলায় জানিও

শেষ পরিণতি তা'র ।

হেন জন তরে কে বল কাঁদিলে,

কে যশঃ গাহিবে আর ?

শ্রীশশাঙ্কদেব চট্টোপাধ্যায়,

প্রথম বার্ষিক শ্রেণী E. শাখা।

স্বদেশ-প্রেম ।

(স্বর্টের 'Patriotism' এর অনুবাদ)

আছে কিবা কোন জন এই ভূমণ্ডলে

'স্বদেশ' 'স্বদেশ' নিজে কভু নাহি বলে,

পুলকিত নহে যার হৃদয় হরষে

বিদেশ হইতে পুনঃ ফিরিতে স্বদেশে ?

থাকে যদি ছেন জন ধরার উপরে,

যাঁও, সবিশেষ লক্ষ্য কর হে তাহারে,

হোক না সে ব্যক্তি ধনী কুণেরের প্রায়,

কিংবা মহাশক্তিশালী ইন্দ্রাদির ন্যায় ;

হ'বে না তাহার কীৰ্ত্তি এই পৃথিবীতে

ঘোষিত কবির, স্বমধুর বাক্যেতে ;

একবার মরিবে সে খ্যাতিহীন হায়,

দেহের পতনে পুনঃ মিশিবে ধূলায়,

গাঁথিবে না কোন কবি গৌরবের হার

হ'বে না ব্যক্তি কেহ মরণে তাহার ।

শ্রীনরেন্দ্র চৌধুরী,

প্রথম বার্ষিক শ্রেণী D শাখা ।